

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৭৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫) ফজর, আসর ও মাগরিব নামাযের পরে যে যিকির পাঠ করতে হয় তার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في أذكار يقولها بعد الصبح والعصر والمغرب

## আরবী

(حسن لغيره) وَعَنْ عمارة بن شبيب السبائي رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ قَالَ: لا إِلَهَ إِلا اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ عَشرَ مَرَّاتٍ \_ على أَثَرِ المغربِ: بَعَثَ اللهُ لَهُ يَحْيِي وَيُمِيتُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ عَشرَ مَرَّاتٍ \_ على أَثَرِ المغربِ: بَعَثَ اللهُ لَهُ مَسْلَحَة يَحفَظُونَهُ مِنْ الشَّيْطَانِ حَتَّى يُصْبِحَ وَكَتَبَ اللَّهُ لَهُ بِهَا عَشْرَ حَسَنَاتٍ مُوجِبَاتٍ مُوجِبَاتٍ وَمَحَا عَنْهُ عَشْرَ سَيِّئَاتٍ مُوبِقَاتٍ وَكَانَتْ لَهُ بِعَدْلِ عَشْرِ رِقَابٍ مُؤْمِنَاتٍ. رواه النسائي والترمذي وقال حديث حسن

## বাংলা

৪৭৩. (হাসান লি গাইরিহী) আম্মারা বিন শাবীব আল সাবায়ী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যে ব্যক্তি মাগরিব নামাযের পর এই দু'আটি দশবার পড়বেঃ "লাইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা-শারীকা লাহু লাহুল মুলকু ওয়ালাহুল হামদু ইয়ুষ্মি ওয়া ইয়মীতু ওয়াহুয়া আলা কুল্লি শাইয়িন কাদীর"। তাহলে আল্লাহ তার জন্য একদল সশস্ত্র ফেরেশতা প্রেরণ করবেন যারা তাকে সকাল পর্যন্ত শয়তান থেকে রক্ষা করবেন। তার জন্য আল্লাহ (জান্নাত) আবশ্যককারী দশটি নেকী লিখে দিবেন। ধ্বংসকারী দশটি গুনাহ তার থেকে মোচন করে দিবেন। আর তাকে দশজন ঈমানদার কৃতদাস মুক্ত করার মত ছোয়াব দেয়া হবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন নাসাঈ ৫৭৭ ও তিরমিয়ী ৩৫৩৪, তিনি বলেনঃ হাদীছটি হাসান)

## হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আম্মারা বিন শাবীব আল সাবায়ী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন